



## উত্তরপত্র জালিয়াতির শাস্তি পেল ১৮ পরীক্ষার্থী

প্রকাশিত: ১৬ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, বরিশাল || ২০১৯ সালের অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় নিয়ম লঙ্ঘন করে অংশ নেয়া ও উত্তরপত্র জালিয়াতির বিষয় প্রমাণিত হওয়ায় বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ১৮ পরীক্ষার্থীকে শাস্তি দিয়েছে। এর মধ্যে ওই ১৮ পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষা বাতিল ও একইসঙ্গে পরবর্তী তিনি বছরের জন্য তারা পরীক্ষা দেয়ার অনুমতি পাবে না। বৃহস্পতিবার সকালে বিষয়টি নিশ্চিত করে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এবং শৃঙ্খলা কমিটির সদস্য সচিব অধ্যাপক মোঃ আনোয়ারুল আজিম জানান, ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা গ্রহণ ও শাস্তির ৪২ নম্বর আইনের ৮ ধারা অনুযায়ী পরীক্ষার্থীদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়া হয়েছে। এর আগে গত ৯ আগস্ট শহীদ আব্দুর রব সেরিয়াবাত বরিশাল প্রেসক্লাবে ওই ১৮ পরীক্ষার্থীর অভিভাবকরা সংবাদ সম্মেলন করেন। যেখানে ১৮ পরীক্ষার্থীর ফল অনৈতিকভাবে স্থগিত (উইথেলড) রাখার অভিযোগ করেন অভিভাবকরা। একইসঙ্গে বোর্ড কর্তৃপক্ষের বিরুদ্ধে তদন্ত ও জিজ্ঞাসাবাদের নামে এক পরীক্ষার্থীকে রুমের মধ্যে আটক করে মারধরের অভিযোগও করা হয়।

অভিযোগ প্রসঙ্গে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ ইউনুস বলেন, অভিভাবকরা সংবাদ সম্মেলন এমনকি চাইলে আইনী সহায়তাও নিতে পারেন। কিন্তু আমরাও বোর্ডের নিয়মের বাইরে যেতে পারি না।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com